দৈনিক ইত্তেফাক

তারিখ 25 AUG 1990
পৃষ্ঠা 2 কলাম 7

## প্রাথমিক শিক্ষা : একটি প্রস্তাবনা

আমাদের দেশে দুই লক্ষাধিক মসজিদ আছে। মসজিদগুলিতে ইমাম ও মুয়াজ্জিনের সংখ্যা প্রায় পাঁচ লক্ষ। তাঁহাদের সকলেই কম-বেশী শিক্ষিত এবং তাঁহাদের মাধ্যমেই এদেশের শতকরা ৯০ জন মুসলমান আরবী পড়ে। এই বাবদ সরকারের একটি পয়সাও ব্যয় হয় না। অধিকন্তু ইসলামিক ফাউণ্ডেশনের উদ্যোগে এ পর্যন্ত প্রায় আঠার হাজার ইমামকে প্রশিক্ষণ দেওয়া হইয়াছে। যে সকল মসজিদের ইমাম-মোয়াজ্জিন কমপক্ষে এস, এস, সি, কিংবা দাখিল পাস, সে সকল মসজিদের ইমাম-মোয়াজ্জিনকে প্রাথমিক শিক্ষার কাজে ব্যবহার করা যাইতে পারে। অধিকাংশ মসজিদের বারান্দায় আরবী শিক্ষার মক্তব আছে। সেই সাথে বাংলা, অংক যুক্ত করিতে অসুবিধা হইবে বলিয়া মনে হয় না। ইমাম সাহেবই একমাত্র ব্যক্তি যিনি তাঁহার মহল্লাবাসীর জন্ম-মৃত্যু ও আর্থিক অবস্থাসহ যাবতীয় খবর রাখেন। অতএব, জন্ম-মৃত্যু রেজিষ্টার সংরক্ষণ, পরিচয়পত্র প্রদান ইত্যাদি কাজ ইমাম সাহেবদের দায়িত্বে অর্পণ করা যাইতে পারে।

—কালাম আজাদ, নীলফামারী।